PG/2nd Sem/BNG/19

# 2019

## M.A.

## 2nd Semester Examination

# BENGALI

## Paper - BNG 202

Full Marks : 40

Time : 2 Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## বিভাগ - ক

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ২×৪

১। 'গাইব, মা, বীর রসে ভাসি,/মহাগীত;—

কার উক্তি? উক্তিটি কোন সর্গের মধ্যে আছে? ১+১=২

২। 'মেঘনাদবধ কাব্য' প্রথম কত সালে গ্রন্থাকারে প্রকাশ পায়? এই কাব্যের অষ্টম সর্গের নাম লেখো। ১+১=২

৩। কবিতা ভবন থেকে প্রকাশিত 'বনলতা সেন' কাব্যে প্রথমে কতগুলি কবিতা সংকলিত হয়েছিল? কাব্যটির প্রথম প্রকাশ কাল উল্লেখ করো। ১+১=২

[ *Turn Over* ]

৪। ইমাজিস্ট (Imagist) কবিতার দুটি বৈশিষ্ট্য লেখো। ১+১=২

৫। 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা/মুখ তার শ্রাবস্তীর কারুকার্য'—এই পংক্তিগুলিতে পাশ্চাত্যের কোন কবির কোন কবিতার প্রভাব আছে বলে মনে করা হয়? ১+১=২

৬। 'উটপাখি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? গ্রন্থটির প্রকাশকাল লেখো। ১+১=২

৭। 'সংগতি' কবিতাটি কোন পত্রিকায়, কবে প্রথম প্রকাশ পায়? ১+১=২

৮। 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় ক'টি চরিত্রের প্রসঙ্গ আছে? চরিত্রগুলির নাম লেখো। ১+১=২

## বিভাগ - খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৪×৪=১৬

৯। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে ক'জন দেবীর উল্লেখ আছে? এঁদের উল্লেখের কারণ কী কী? ১+৩=৪

১০। 'মেঘনাদবধ কাব্য'-এ সরমা চরিত্রের গুরুত্ব বিচার করো। ৪

১১। 'কে হায় হৃদয় খুঁড়ে/বেদনা জাগাতে ভালোবাসে'—প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

১২। ইম্প্রেশন্‌ইজম্‌ শিল্প আন্দোলনের দুজন পুরোধা পুরুষের নাম উল্লেখ করো। 'বনলতা সেন' কাব্যের কোন্‌ কোন্‌ কবিতায় এই আন্দোলনের ছায়াপাত ঘটেছে? ২+২=৪

১৩। 'ধ্বংস করে দাও আমাকে ঈশ্বর/আমার সন্ততি স্বপ্নে থাক।' —কবির এরূপ অভিপ্রায়ের কারণ ব্যাখ্যা করো। ৪

১৪। 'এক যে ছেলে জোয়ান ছেলে, কই সে—ছেলে মা/ঘর যে তোমার ঘরে-ঘরে, জননী যন্ত্রণা'। —উদ্ধৃতাংশটি প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ৪

১৫। 'ফাটা ডিমে আর তা দিয়ে কী ফল পাবে?/মনস্তাপেও লাগবে না ওতে জোড়া।' —কবির এরূপ উপলব্ধির কারণ কী? ৪

১৬। 'তোমার সৃষ্টি, আমার সৃষ্টি, তার সৃষ্টির মাঝে/যত কিছু সুর, যা কিছু বেসুর বাজে/মেলাবেন।' —কীভাবে এই মিলন সম্ভব আলোচনা করো? ৪

## বিভাগ - গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ২×৮=১৬

১৭। 'মেঘনাদবধ কাব্য'-এর নবম সর্গের গুরুত্ব বিচার করো। ৮

১৮। 'মধুসূদন বাংলার নবজাগরণের কবি'—মেঘনাদবধ কাব্য অবলম্বনে উক্তিটির গ্রহণযোগ্যতা বিচার করো। ৮

১৯। 'বনলতা সেন' কাব্যে প্রকাশিত কবির ইতিহাস চেতনার পরিচয় দাও। ৮

২০। 'যেতে পারি, কিন্তু কেন যাব?' কবিতায় মৃত্যুচেতনাকে অতিক্রম করে জেগে ওঠে বাঁচার আনন্দ : অভিমতটির গুরুত্ব বিচার করো। ৮

---